



বজ্রপাতে করণীয়



বজ্রপাত ও ঝড়ের সময় বাড়ির ধাতব কল, সিড়ির ধাতব রেলিং, পাইপ ইত্যাদি স্পর্শ করবেন না।



বজ্রপাতে আহতদের বৈদ্যুতিক শকের মত করেই চিকিৎসা করতে হবে।



প্রতিটি বিল্ডিং এ বজ্র নিরোধক দণ্ড স্থাপন নিশ্চিত করুন।




খোলা জায়গায় কোন বড় গাছের নিচে আশ্রয় নেওয়া যাবে না। গাছ থেকে ৪ মিটার দূরে থাকতে হবে।



খোলাস্থানে অনেকে একত্রে থাকাকালীন বজ্রপাত শুরু হলে প্রত্যেকে ৫০ থেকে ১০০ ফুট দূরে দূরে সরে যান।



ছেঁড়া বৈদ্যুতিক তার থেকে দূরে থাকতে হবে। বৈদ্যুতিক তারের নিচে খুঁটি থেকে নিরাপদ দূরত্বে থাকতে হবে।



ক্ষয়ক্ষতি কমানোর জন্য বৈদ্যুতিক যন্ত্রপাতির প্রাগগুলো লাইন থেকে বিচ্ছিন্ন রাখতে হবে।



কোন বাড়ীতে যদি পর্যাপ্ত নিরাপত্তামূলক ব্যবস্থা না থাকে, তাহলে সবাই এক কক্ষে না থেকে আলাদা আলাদা কক্ষে যান।

বজ্রপাতে ক্ষয়ক্ষতি হ্রাসে গৃহীত কার্যক্রম

- বজ্রপাত দুর্যোগ হিসেবে গণ্য করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।
- জাতীয় বিল্ডিং কোডে বজ্রপাত নিরোধক দণ্ড স্থাপন বাধ্যতামূলক করা হয়েছে।

জনসচেতনায়

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা

দি লা ই ফ সে ভি এ ফোর্স

ফোন : ৯৫৫৫৫৫৫৫, ফ্যাক্স : +৮৮-০২-৯৫৬৫৬৫৬



এপ্রিল-জুন মাসে
বজ্রপাত বেশি হয়,
এ সময়টুকু আকাশে
মেঘ দেখা গেলে ঘরে
অবস্থান করুন।



যত দ্রুত সম্ভব
দালান বা কংক্রিটের
ছাউনির নিচে আশ্রয়
নিন।



বজ্রপাতের সময়
বাড়ীতে থাকলে
জানালার কাছাকাছি ও
বারান্দায় থাকবেন না
এবং ঘরের ভিতরে
বৈদ্যুতিক সরঞ্জাম
থেকে দূরে থাকুন।




ঘন কালো মেঘ দেখা
দিলে অতি জরুরী
প্রয়োজনে রাস্তার
জুতা পরে বাইরে বের
হতে পারেন।



উঁচু গাছপালা,
বৈদ্যুতিক খুঁটি, তার,
ধাতব খুঁটি ও
মোবাইল টাওয়ার
ইত্যাদি থেকে দূরে
থাকুন।



বজ্রপাতের সময় জরুরী
প্রয়োজনে প্লাস্টিক বা
কাঠের হাতলযুক্ত ছাতা
ব্যবহার করুন।




বজ্রপাতের সময়
খোলা জায়গা, খোলা
মাঠ অথবা উঁচু স্থানে
থাকবেন না।



কালো মেঘ দেখা
দিলে নদী, পুকুর,
ডোবা বা জলাশয়
থেকে দূরে থাকুন।



বজ্রপাতের সময়
শিশুদের খোলা মাঠে
খেলাধুলা থেকে বিরত
রাখুন এবং নিজেরাও
বিরত থাকুন।



বজ্রপাতের সময়
খোলা মাঠে থাকলে
পায়ের আঙ্গুলের ওপর
ভর দিয়ে এবং কানে
আঙ্গুল দিয়ে মাথা নিচু
করে বসে পড়ুন।



বজ্রপাতের সময় গাড়ীর
ভেতর অবস্থান করলে,
গাড়ীর ধাতব অংশের
সাথে শরীরের সংযোগ
ঘটাবেন না। সম্ভব হলে
গাড়ীটিকে নিয়ে কোন
কংক্রিটের ছাউনির
নিচে আশ্রয় নিন।



বজ্রপাতের সময় মাছ
ধরা বন্ধ রেখে
নৌকায় ছাউনির নিচে
অবস্থান করুন।